

গুচ্ছভুক্ত ১৯ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরুবার

বাসস

প্রকাশ : ২৪ এপ্রিল ২০২৫, ২২:৩০



UNIBOTS

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের জিএসটি গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামীকাল শুরুবার 'সি' ইউনিটের মধ্য দিয়ে শুরু হচ্ছে। এরপর 'বি' ইউনিট ২ মে এবং 'এ' ইউনিট ৯ মে তারিখে অনুষ্ঠিত হবে।

 দেনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

ভর্তি পরীক্ষাসমূহ সুষ্ঠু ও নিরাপদ পরিবেশে আয়োজনের লক্ষ্যে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. আনোয়ারুল আজীম আখন্দের সভাপতিত্বে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যদের উপস্থিতিতে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

সভা শেষে কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. আনোয়ারুল আজীম আখন্দ জানান, সভায় পরীক্ষার সার্বিক প্রস্তুতি পর্যালোচনা করা হয় এবং সকল প্রস্তুতি সন্তোষজনক বলে মত প্রকাশ করা হয়। এছাড়া যথাসময়ে পরীক্ষার সকল প্রস্তুতি সম্পূর্ণ হওয়ায় সংশ্লিষ্ট প্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সংশ্লিষ্ট সরকারি দণ্ডরসমূহের আন্তরিক সহযোগিতার জন্য তাঁদের প্রতি ক্রতজ্জতা জ্ঞাপন করা হয়।

গুচ্ছভুক্ত পরীক্ষার কেন্দ্রগুলো হলো—১. ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া) ২. মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, (টাস্টাইল) ৩. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পটুয়াখালী) ৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোয়াখালী) ৫. জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ত্রিশাল, ময়মনসিংহ) ৬. যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যশোর) ৭. বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (রংপুর) ৮. পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পাবনা) ৯. গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (গোপালগঞ্জ) ১০. বরিশাল বিশ্ববিদ্যালয় (বরিশাল) ১১ রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রাঙ্গামাটি) ১২. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (সিরাজগঞ্জ) ১৩. গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি (গাজীপুর) ১৪. নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (নেত্রকোণা) ১৫. জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, (জামালপুর) ১৬. কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় (কিশোরগঞ্জ) ১৭. চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চাঁদপুর) ১৮. সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সুনামগঞ্জ) ১৯. পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পিরোজপুর) ও ২০. ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাকা)।